# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।
ওয়েব : sadar.sunamganj.gov.bd

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভার তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
সভাপতি : জনাব মোঃ খায়রুল হুদা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীর ৭নং অনুচ্ছেদে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এর সামনে টিনসেড নির্মাণ এর স্থলে কুহেলিকা আবাসিক টিনসেডের বাসভবন মেরামত কথাটি প্রতিস্থাপিত হবে। আর কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান গত ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর প্রকল্প যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় খাতওয়ারী প্রকল্প বিভাজন করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী(ADP) এর তালিকা চূড়ান্ত করা হয় এবং প্রকল্প তালিকা বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ সভাকে অনুরোধ জানানো হয়। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান আছে এবং পঞ্চম পর্যায়ের ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ উপ-প্রকল্প এবং ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গত ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় অনুষ্ঠিত হয়। সভায় অনুমোদিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ সভাকে অনুরোধ জানানো হয়। | আলোচান্তে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্প তালিকা পরিশিষ্ট- 'খ' এবং পঞ্চম পর্যায়ের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প তালিকা পরিশিষ্ট 'গ' উপজেলা পরিষদ সভায় অনুমোদন প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান করোনা ভাইরাস সংক্রমনের হার বর্তমানে কিছুটা হ্রাস পেয়েছে। তারপরও সকলকে সরকারের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান গত ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে যারা গণটিকার ২য় ডোজ নিতে পারেননি তারা সুনামগঞ্জ সদর হাসপাতালে গিয়ে টিকা নিতে পারবেন। ১২ থেকে | আলোচনান্তে করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরীদের টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| | ১৮ বছর পর্যন্ত শিশুদের ভ্যাকসিন প্রদানের বিষয়ে বিশ্বস্বাস্থ্য সংস্থায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। ১৮ বছর বা তদুর্ধ ছাত্র-ছাত্রীদের টিকার আওতায় আনার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।<br>উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় প্রতিটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরীদের টিকার আওতায় আনার জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর জানান সকল দপ্তরীদের এনআইডি কার্ডের ফটোকপি মোবাইল নম্বরসহ জমা দিলে তিনি টিকা নেয়ার ব্যবস্থা নিবেন। | জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর সভাকে জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে এবং নতুন অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত সময়ে যে সকল নলকূপ স্থাপন করা হয়েছে তার অধিকাংশই ব্যক্তিগত পর্যায়ে ব্যবহার করা হচ্ছে। যে ব্যক্তির বাড়িতে নলকূপ স্থাপন করা হয়েছে তিনি অন্যদেরকে পানি ব্যবহার করতে দিচ্ছেন না। তাই চলতি অর্থ বছর হতে সকল নলকূপ স্থাপনের জন্য যার বাড়িতে নলকূপ স্থাপন করা হবে তাকে কমপক্ষে ১০টি পরিবারকে পানি ব্যবহারের সুবিধা দিতে হবে এই মর্মে একটি অঙ্গীকারনামা অফিসে জমা দিতে হবে। এই বিষয়টি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ নিশ্চিত করবেন। | আলোচনান্তে গভীর নলকূপ স্থাপন কার্যক্রম দ্রুত সমাপ্ত করা এবং নতুন নলকূপ স্থাপনের সময় কমপক্ষে ১০টি পরিবার যাতে পানি ব্যবহারের সুবিধা পায় তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ নিশ্চিত করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর<br>ও<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সরকার প্রতি বছর ৭০% ভর্তুকি দিয়ে কৃষকদের কৃষি যন্ত্রপাতি দিয়ে থাকেন। এ বছরও ধান কাটার হারভেষ্টার মেশিনসহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি দেওয়া হবে। উপকোরভোগীদের আগামী ১৪/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রতি বছর সদর উপজেলায় ১০ জন উপকারভোগীকে হারভেষ্টার মেশিন দেওয়া হয়। সামনে বোরো মৌসুমের সময় কৃষকগণ যাতে স্বল্প মেয়াদী ধানের বীজ পায় সেজন্য কর্তৃপক্ষ বরাবর পত্র দেয়া হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান কৃষি যন্ত্রপাতি ক্রয়ের আবেদনগুলি উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে নিয়ে যাচাই বাছাই করার জন্য এবং বোরো মৌসুমে যাতে ২৮ ধানের বীজ বেশি করে সংগ্রহ করা যায় সেজন্য তড়িৎ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি আরও জানান গত তিন বছর বন্যা কম হওয়ায় এ বছর বন্যা হওয়ার আশঙ্কা রয়েছে। সাধারণত সুনামগঞ্জে প্রতি ৪ বছর পর পর বন্যা হয়ে থাকে। | আলোচনান্তে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের আবেদনসমূহ উপজেলা উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণকে নিয়ে যাচাই বাছাই করে তালিকা প্রস্তুত করার জন্য এবং আসন্ন বোরো মৌসুমে ২৮ ধানের বীজ যাতে বেশি করে সংগ্রহ করা যায় সেজন্য উপজেলা কৃষি কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর<br>২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সুনামগঞ্জ সদর<br>৩। উপজেলা কৃষি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>৪। চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৫. | চেয়ারম্যান, কুরবাননগর, ইউ/পি সভায় জানান | আলোচনান্তে উক্ত শিক্ষা | উপজেলা মাধ্যমিক |

| | | | |
|---|---|---|---|
| | কুরবাননগর ইউনিয়নের মাইজবাড়ি গ্রামে কোন মাধ্যমিক বিদ্যালয় নেই। ১২ বছর পূর্বে গ্রামবাসীরা উদ্যোগ নিয়ে একটি জায়গায় মাটি ভরাট করে স্থাপনা নির্মাণ করেছিলেন। বর্তমানে আবার গ্রামবাসীর উদ্যোগে উক্ত বিদ্যালয়টি চালুর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তাই তিনি উক্ত বিদ্যালয়ে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ প্রদানের জন্য সভাকে অনুরোধ করেন।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান কুরবাননগর ইউনিয়নের মাইজবাড়ি গ্রামটি অনেক বড় কিন্তু কোন মাধ্যমিক বিদ্যালয় নেই। তাই গ্রামবাসীর উদ্যোগে বিদ্যালয়টিতে পাঠদান শুরু করার জন্য প্রস্তুতি নেওয়া হচ্ছে। উপজেলা পরিষদ থেকে কোন ধরনের বরাদ্দ প্রদান করা গেলে মাইজবাড়ি গ্রামবাসী উপকৃত হবেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে তালিকাভুক্ত না হওয়া পর্যন্ত উপজেলা পরিষদ থেকে কোন ধরনের বরাদ্দ প্রদান করা যাবে না। তাই সর্বপ্রথম উক্ত শিক্ষা প্রতিষ্ঠানটি সরকারি তালিকাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ করেন। | প্রতিষ্ঠানটি শিক্ষা বোর্ডের অনুমোদনক্রমে তালিকাভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান<br>কুরবাননগর ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ৬. | চেয়ারম্যান রঙ্গাঁরচর, ইউ/পি সভায় জানান আশ্রয়ন প্রকল্পের আওতায় মুজিব শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রী গৃহহীনদের মধ্যে ঘর উপহার দেন। উক্ত ঘরের কাজ উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে বাস্তবায়ন করা হয়। তিনি আরও জানান আশ্রয়ন প্রকল্পের আওতায় যারা ঘর পাওয়ার আবেদন করেন আমরা ইউ/পি চেয়ারম্যানগণ আবেদনকারী ভূমিহীন কিনা, তার জমি আছে কিনা, ঘর আছে কিনা তা সরেজমিন যাচাই করে প্রত্যয়ন দিয়েছি কিন্তু ঘরের কাজ বাস্তবায়নে আমাদের কোন সংশ্লিষ্টতা ছিল না। উক্ত কাজ বাস্তবায়নের জন্য যে বরাদ্দ দেওয়া হয়েছে তা খুবই অপ্রতুল। তিনি জানান আমার ইউনিয়নের বিরামপুর আশ্রয়ন প্রকল্পের কয়েকটি ঘরের দেয়াল ও মেঝে নষ্ট হয়েছে এবং সেগুলো মেরামতও করা হয়ে গেছে। কিন্তু এ নিয়ে কতিপয় লোক আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যখন ঘরের বরাদ্দ পাওয়া যায় তখন ডিসেম্বর ২০২০ এর মধ্যে কাজ সমাপ্ত করার জন্য সরকারের নির্দেশনা ছিল। এত অল্প সময়ে ঘরের কাজ বাস্তবায়ন করা ছিল অনেক কঠিন। তারপরও বরাদ্দকৃত ঘরগুলো সঠিকভাবে নির্মাণ করা হয়েছে। বর্তমানে কয়েকটি ঘরে কিছু ত্রুটি বিচ্যুতি দেখা দিয়েছে। এ বিষয়টি পত্র পত্রিকায় আসা অনাকাঙ্খিত। | আলোচনান্তে আশ্রয়ন প্রকল্পের আওতায় মুজিব শতবর্ষের নির্মাণাধীন ঘরগুলো সরেজমিন যাচাই করে কোন ধরনের ত্রুটি পাওয়া গেলে তা দ্রুত মেরামত করার ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৭. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান গত বছরের এডিপি থেকে পানি পরীক্ষা করার জন্য একটি কীট বক্স ক্রয় করা হয়েছে। এখন | আলোচনান্তে কোন ব্যক্তির নলকূপ/পুকুরের পানি পরীক্ষা করার প্রয়োজন হলে মৎস্য | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর |

| | | | |
|---|---|---|---|
| | থেকে পানি পরীক্ষা করার প্রয়োজন হলে মৎস্য অফিসে পানি নিয়ে আসার জন্য অনুরোধ জানান। তাছাড়া গত বছর এডিপি থেকে বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্য খামারীদের মধ্যে মাছের পোনা বিতরন করা হয়েছে। | অফিসে পানি পাঠানোর জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ও চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৮. | উপজেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান লকডাউনের পর ছাত্র-ছাত্রী এবং প্রবাসীদের নিবন্ধন কাজ চলমান আছে। করোনা ভাইরাসের টিকা গ্রহণের জন্য তাদের অগ্রাধিকার দিয়ে নিবন্ধন করা হচ্ছে। তাছাড়া কেউ কেউ বয়স বৃদ্ধি করে বিদেশ যাওয়ার জন্য এনআইডি কার্ড প্রদানের জন্য আবেদন করেন। অনেকে শিক্ষাগত যোগ্যতা নেই বলে আবেদন করেন। কিন্তু তার স্বাক্ষর দেখলে তা মনে হয়না। তাই জন্ম নিবন্ধনের অনলাইন সনদপত্র সঠিক থাকলে এনআইডি কার্ড প্রদানের ক্ষেত্রে সুবিধা হয়। | আলোচনান্তে জন্ম নিবন্ধনের অনলাইন সনদপত্র সঠিকভাবে প্রদানের জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, করোনা ভাইরাস সংক্রমনের হার ১২% এর নিচে চলে আসায় সরকার শিক্ষা প্রতিষ্ঠান খোলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। প্রথম দিকে স্বল্প পরিসরে ক্লাস নেওয়া হবে। আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় খুলবে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হবে। ১৮ বছরের তদুর্ধ শিক্ষার্থীরা যাতে টিকা পায় তার ব্যবস্থা নেওয়ার জন্য সভাকে অনুরোধ করেন। টিকা গ্রহণের জন্য শিক্ষার্থীদের এনআইডি কার্ডের প্রয়োজন হয় ফলে এনআইডির নিবন্ধন করতে গেলে অনলাইনে জন্ম সনদ প্রয়োজন হয় তাই তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে ছাত্র-ছাত্রীদের অনলাইন জন্ম সনদ দ্রুত করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান ক্লাস শুরুর পূর্বে সরকারের নির্দেশনা মোতাবেক সকল বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং আমার তা মনিটরিং করে দেখেছি। প্রতিটি বিদ্যালয়ে হাত ধোয়ার জন্য বেসিন এর ব্যবস্থা করা হয়েছে। | আলোচনান্তে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়া হবে তাই ১৮ বছরের তদুর্ধ শিক্ষার্থীদের টিকা পাওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য এবং সরকারের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে শ্রেণি পরিচালনার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, সুনামগঞ্জ সদর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে সকল প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তিনি আরও জানান প্রতিদিন পঞ্চম শ্রেণীর সাথে একটি শ্রেণী আসবে। প্রত্যেক বিদ্যালয় খোলার পূর্বের প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং আমরা তা সরেজমিন পরিদর্শন করে দেখেছি। প্রতিটি বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিন এবং প্রত্যেক শিক্ষার্থীদের ২টি করে কাপড়ের মাস্ক দেওয়া হবে। এ ব্যাপারে মন্ত্রণালয় হতে নির্দেশনা দেওয়া হয়েছে এবং আমরাও সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে মাস্ক তৈরীর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দিয়েছি। | আলোচনান্তে সরকারের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি মেনে শ্রেণি পরিচালনার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সকল ভাতা প্রদানের কাজ চলমান আছে। এই প্রথম বিকাশের মাধ্যমে ভাতা প্রদান করা হয়েছে। তাই কিছু কিছু উপকারেভোগীর ভাতা পেতে সমস্যা হচ্ছে। | আলোচনান্তে বিকাশের মাধ্যমে ভাতা পেতে যাদের সমস্যা হয়েছে তাদের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ এবং শারীরিক অসুস্থতা | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও |

| | | | |
|---|---|---|---|
| | আমরা তা সমাধানের চেষ্টা করছি। তিনি আরও জানান শারীরিক অসুস্থতা জনিত কারণে যারা আর্থিক সাহায্যের আবেদন করেন তাদের বিষয়ে স্বাস্থ্য বিভাগের মতামতের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিতে আর্থিক অবস্থা যাচাই করে সহায়তা দেওয়া হয়। | জনিত কারণে যারা আর্থিক সাহায্যের আবেদন করেন তাদের আবেদন যাচাই করে দ্রুত মতামত প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১২. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান বর্তমানে করোনাকালীন খাদ্য সহায়তা চলমান আছে। ৩৩৩ ফোন দিয়ে যারা খাদ্য সহায়তা চান তাদেরকে খাদ্য সহায়তা প্রদান করা হয়ে থাকে। | আলোচনান্তে টিআর/কাবিটা কাজের ১ম কিস্তির বরাদ্দ পাওয়া মাত্রই দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউ/পি, সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে করোনা ভাইরাস প্রতিরোধে (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার) ইত্যাদি ক্রয়ের বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাথরুমটিতে সমস্যা দেখা দেওয়ায় বাথরুমটি মেরামত করা প্রয়োজন। | আলোচনান্তে দ্রুত কোটেশন আহবান করে করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় সামগ্রী ক্রয় ও বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাথরুম মেরামত এর বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সভায় জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তা জোরদার করার স্বার্থে ক্লোজ সার্কিট ক্যামেরা বৃদ্ধি করা প্রয়োজন। তিনি জানান উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে। তিনি আরও জানান ঘন ঘন লোড শেডিং এর কারণে অফিসের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। তাই তিনি উপজেলা পরিষদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার স্বার্থে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন করার জন্য সভাকে অবহিত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে নতুন ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় এর বিল বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা এবং সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |
| ১৫. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান জাহাঙ্গীরনগর ইউনিয়নের নারায়নতলা বিজিবি ক্যাম্প এর সামনে একটি পুরাতন কালভার্ট রয়েছে। আকস্মিক বন্যায় কালভার্টটি উল্টে খাদে পড়ে যায় বিধায় উক্ত স্থানে একটি নতুন ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। উক্ত কালভার্টটি নিলামে বিক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ সভাকে অনুরোধ জানান। | আলোচনান্তে কালভার্টটি নিলামে বিক্রয় করার অনুমোদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| ১৬. | অফিসার ইন চার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা সভায় জানান সুনামগঞ্জ শহরের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা হচ্ছে। শহরের প্রত্যেক পাড়া, মহল্লা ও বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থানে প্রায় ৮০% সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সুনামগঞ্জ শহরকে সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসা হলে শহরে চুরি, ইপটিজিংসহ অন্যান্য অপরাধমূলক কাজ অনেকাংশে কমে যাবে। তিনি আরও জানান পুলিশ সদস্যদের ভ্যাকসিনের ১ম ডোজ দেয়া হয়েছে এবং ২য় ডোজ কবে দেয়া হবে তা তিনি সভায় জানতে চান। তৎপ্রেক্ষিতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুনামগঞ্জ সদর সভায় জানান মোবাইলে ম্যাসেজ আসা মাত্রই সুনামগঞ্জ সদর হাসপাতালে গিয়ে ভ্যাকসিন নিতে পারবেন। | আলোচনান্তে পুলিশ সদস্যদের ২য় ডোজ ভ্যাকসিন প্রদানের বিষয়ে মোবাইলে ম্যাসেজ আসা মাত্রই সুনামগঞ্জ সদর হাসপাতালে গিয়ে ভ্যাকসিন নেওয়ার অনুরোধ জানানোর সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা, সুনামগঞ্জ সদর ও অফিসার ইন চার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সুনামগঞ্জ। |
| ১৭. | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, আগস্ট ২০২১ মাসে আপ্যায়ন বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থায়ী কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/-(আট হাজার) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ৩,০০০/-(তিন হাজার) টাকার বিল পাওয়ার আবেদন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল হুদা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ফোন : ০৮৭১-৬১৫৯১
ই-মেইল : chairmanuzpsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৩৬৪(৫০)

তারিখ : ১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। মাননীয়, সংসদ সদস্য, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। মেয়র, সুনামগঞ্জ পৌরসভা, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। উপজেলা ........................... কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ....................... ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১১। জনাব ....................... ইউ/পি সংরক্ষিত মহিলা সদস্য ও সদস্য উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
১২। অফিস কপি/মাস্টার ফাইল।

16.9.21

(ইমরান শাহারীয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদের মাসিক সভায় জনপ্রতিনিধিবৃন্দের উপস্থিতি

মাসের নাম: সেপ্টেম্বর/২০২২

সভার তারিখ: ০৯/০৯/২০২২ সময়: ১১.০০ ঘটিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ মাহবুবুল হুদা | চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০২. | " নাদের বখত | মেয়র সুনামগঞ্জ পৌরসভা | |
| ০৩. | " নিগার সুলতানা | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | ০৯/০৯/২২ |
| ০৪. | " মোঃ আবুল হোসেন | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর | |
| ০৫. | " আব্দুল ওয়াদুদ | চেয়ারম্যান লক্ষণশ্রী, ইউ/পি | |
| ০৬. | " মোঃ আবুল বখত | চেয়ারম্যান মোল্লাপাড়া, ইউ/পি | |
| ০৭. | " মোঃ ফুল মিয়া | চেয়ারম্যান গৌরারং, ইউ/পি | ০৯/০৯/২২ |
| ০৮. | " মোঃ [illegible] | চেয়ারম্যান জাহাঙ্গীরনগর, ইউ/পি | |
| ০৯. | " মোঃ খায়রুল হক | চেয়ারম্যান মোহনপুর, ইউ/পি | |
| ১০. | " মোঃ আবুল কালাম | চেয়ারম্যান সুরমা, ইউ/পি | |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২১. | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান মোল্লাপাড়া ইউ/পি | [illegible] |
| ২২. | " মো: মাহবুবুল ইসলাম | চেয়ারম্যান [illegible] ইউ/পি | [illegible] |
| ২৩. | " মো: আব্দুল হাই | চেয়ারম্যান [illegible] ইউ/পি | [illegible] |
| ২৪ | " সহেলা রানী বর্মন | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ১ | সহেলা |
| ২৫ | " মোছা: রওশন আরা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ২ | Rm |
| ২৬ | " মোছা: আনোয়ারা বেগম | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ৩ | [illegible] |

উপজেলা পরিষদের মাসিক সভায় কর্মকর্তাবৃন্দের উপস্থিতি

মাসের নাম: সেপ্টেম্বর/২১

সভার তারিখ: ০৭/০৯/২০২১ সময়: ১১.০০ ঘটিকা

| ক্র:নং: | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব ইমরান আহারীয়ার | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর | |
| ০২. | " মো: সৌমিত্র চৌধুরী | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ০৩. | " মো: সালাহ উদ্দিন টিপু | উপজেলা কৃষি অফিসার সুনামগঞ্জ সদর | |
| ০৪. | " মো: মোহাম্মদ আব্দুল আউয়াল ভুঁইয়া | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ০৫. | " সীমা রানী বিশ্বাস | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ০৬. | " আনোয়ার হোসেন | উপজেলা প্রকৌশলী সুনামগঞ্জ সদর | 7.9.21 |
| ০৭. | " মুহাম্মদ মহিবুর রহমান | অফিসার ইন. চার্জ সুনামগঞ্জ সদর | 7.9.21 |
| ০৮ | " [illegible] | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ০৯. | " এনামুর রহিম বাবর | উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১০. | " সাইফুল ইসলাম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সুনামগঞ্জ সদর | |
| ১১. | " বিশ্বজিৎ কুমার চক্রবর্তী | উপজেলা পা:স: কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১২. | " লিটন চন্দ্র সূত্রধর | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর | 07.09.21 |
| ১৩. | " স্বপ্নীল বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৪. | " নিবেদ রঞ্জন দে | উপজেলা সমবায় কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৫. | " মানিক বসাক | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | |

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬. | মোঃ মিন্টু মাহমুদ | অতিঃ প্রোগ্রাম অফিসার সুনামগঞ্জ সদর | [signature] |
| ১৭. | 〃 মোসাম্মৎ ফেরদৌসী আলম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৮. | 〃 চন্দন রুদ্র চক্রবর্তী | উপজেলা মৎস্য কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ১৯. | 〃 উত্তম কুমার দাস | উপজেলা নির্বাচন অফিসার সুনামগঞ্জ সদর | [signature] |
| ২০ | 〃 সাজ্জাদ হোসেন (মলিন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সুনামগঞ্জ সদর | |
| ২১ | 〃 আমীর হোসেন ভুঁইয়া | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুনামগঞ্জ সদর | [signature] |
| ২২. | 〃 আবদুল্লাহ আল মামুন | সহকারী প্রোগ্রামার (আইসিটি) সুনামগঞ্জ সদর | [signature] |
| ২৩. | 〃 মোঃ মোসলিম আহমদ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার সুনামগঞ্জ সদর | |
| ২৪. | 〃 মোঃ আব্দুল্লাহ ০০ | ইউনিসেফ, ইউনিসেফ সুনামগঞ্জ সদর | [signature] |
| ~~২৫~~ | ~~[illegible]~~ | USF-0 | ~~[signature]~~ |
| ২৫. | সৈয়দ আহমদ শাহজাহান | ইনস্ট্রাক্টর, ইউআরসি সদর, সুনামগঞ্জ | [signature] |